# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৪৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. প্রথম অনুচ্ছেদ - সালাতে ক্বিরাআতের বর্ণনা

بَابُ الْقِرَاءَةِ فِى الصَّلَاةِ

## আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم يقْرَأ فِي رَكْعَتي الْفَجْرِ: (قُولُوا آمَنَّا بِاللَّهِ وَمَا أُنْزِلَ إِلَيْنَا)
وَالَّتِي فِي آلِ عِمْرَانَ (قُلْ يَا أَهْلَ الْكِتَابِ تَعَالَوْا إِلَى كَلِمَةٍ سَوَاءٍ بَيْنَنَا وَبَيْنَكُمْ)
رَوَاهُ مُسلم

## বাংলা

৮৪৩-[২২] ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফজরের (ফজরের) দু’ রাক্’আত সালাতে যথাক্রমে সূরাহ্ আল বাক্বারার এ আয়াত ’’কূলূ আ-মান্না- বিল্লা-হি ওয়ামা- উনযিলা ইলায়না-’’ এবং সূরাহ্ আ-লি ’ইমরান-এর এ আয়াত ’’কুল ইয়া- আহলাল কিতা-বি তা’আ-লাও ইলা- কালিমাতিন সাওয়া-য়িন বায়নানা- ওয়া বায়নাকুম’’ পাঠ করতেন। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৭২৭, নাসায়ী ৯৪৪।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফাজরের (ফজরের) দু’ রাক্‘আতের প্রথম রাক্‘আতে সূরাহ্ আল বাক্বারাহ্’র আয়াত قُوْلُوْا اٰمَنَّا بِاللهِ وَمَا أُنْزِلَ إِلَيْنَا শেষ পর্যন্ত পাঠ করতেন। আর দ্বিতীয় রাক্‘আতে সূরাহ্ আ-লি ‘ইমরান-এর আয়াত قُلْ يٰۤاَهْلَ الْكِتٰبِ تَعَالَوْا إِلٰى শেষ পর্যন্ত পাঠ করতেন।

অত্র হাদীস প্রমাণ করে যে, সালাতে সূরাহ্ আল ফাতিহাহ্ পাঠ করার পরে অন্য কোন সূরার অংশবিশেষ তথা

অন্য কোন সূরার মাঝখান থেকে কোন আয়াত পাঠ করা যায়। তবে তা নফল সালাতের জন্য প্রযোজ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55402

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন